"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।"
"দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।"

মুজিব শতবর্ষ

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
নলকা, সিরাজগঞ্জ।

## ওয়েল্ডার ও ফিটার তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

সূত্র নং- ২৮.১৮.০০০.৪৯.৩৯.০০১ /৩৪৯৬ তারিখ-০৬/১০/২০২১

পিজিসিএল এর আওতাধীন এলাকায় ১.২ ও ১.৩ শ্রেণীর তালিকায় অন্তর্ভূক্ত গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের অধীনে ওয়েল্ডার ও ফিটার ( সি গ্রেড এবং ডি গ্রেড ) হিসাবে কাজ করার জন্য যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশ গ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের অত্র কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন করার জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**আবেদনের যোগ্যতা:** ৮ম শ্রেণি পাস, পাইপ লাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপন কাজের অভিজ্ঞতা (যদি থাকে) , ০৩/০৬ মাস কারিগরি ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ওয়েল্ডারদের আবেদপত্রের ফি বাবদ টাকা ১,৫০০.০০ ( এক হাজার পাঁচ ) মাত্র (অফেরতযোগ্য) এবং ফিটারদের আবেদপত্রের ফি বাবদ টাকা ১০,০০.০০ (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) । নির্ধারিত ২৪/১০/২০২১ তারিখের মধ্যে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকুলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিলীভূক্ত ব্যাংক হতে পে-অর্ডার করতে হবে। টাকা জমা প্রদানের মূল রসিদ/ পে-অর্ডার এর মূল কপি আবেদনের সহিত জমা প্রদান করতে হবে। আগামী ০৯.১০.২০২১ হতে ২৪.১০.২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পিজিসিএল এর পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ হতে এবং পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd) হতে আবেদন পত্র সংগ্রহ করা যাবে। আবেদপত্র পিজিসিএল এর পরিকল্পনা ডিপার্টমেন্টে-এ প্রার্থী/বাহক স্বশরিরে উপস্থিত হয়ে জমা প্রদান করতে হবে।।

প্রয়োজনে ম্যাটেরিয়াল প্লানিং শাখার ব্যবস্থাপক (মোবাইল নং- ০১৭০৮৪৯৪৮৫৬) এর দপ্তর হতে আবেদন পত্র সংগ্রহ ও যে কোন তথ্যের জন্য যোগাযোগ করতে পারবেন। ওয়েল্ডার ও ফিটারগণের টেস্ট গ্রহণের ব্যাপারে পিজিসিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অন্যান্য বিষয়াদি:

১) আবেদনপত্র জমাদানকালে যাচাই-বাছাই করার পর প্রর্থীর নামে ইন্টারভিউ কার্ড /প্রবেশ পত্র প্রদান করা হবে। আলাদাভাবে ডাকযোগে কোন ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

২) আবেদনপত্রের সাথে নিম্নলখিত কাগজপত্র দাখিল করতে হবে ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০২ কপি রঙ্গিন ছবি খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি গ) আবেদন ফি জমাদানের মূল রশিদ ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি ঙ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ পত্র চ)। অভিজ্ঞতা (যদি থাকে) ছ) সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

৩) সনদধারী ফিটারগণ গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে ব্যক্তিগত উদ্যোগে নিয়োজিত হবেন। কোম্পানি কোন ওয়েল্ডার/ ফিটারের কর্মসংস্থানের দায়িত্ব নিবে না।

৪) নিদিষ্ট তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৬) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীকে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd)/ মোবাইল ফোন মারফত জানানো হবে।

০৬/১০/2021

প্রকৌ. এস.এম. মহিবুর রহমান
উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা )

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নলকা, সিরাজগঞ্জ।

ছবি

উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা)
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
পরিকল্পনা ডিপার্টমেন্ট,
নলকা, সিরাজগঞ্জ।

বিষয় : ওয়েল্ডার / ফিটার তালিকাভুক্তির জন্য আবেদন।

| | | |
|---|---|---|
| ওয়েল্ডার | সি- গ্রেড | ডি- গ্রেড |
| ফিটার | সি- গ্রেড | ডি- গ্রেড |

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন-স্বাক্ষরকারী ওয়েল্ডার/ফিটার পরীক্ষায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক। নিম্নবর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ আবেদন করছি ঃ

১) নাম :

২) পিতার নাম :

৩) মাতার নাম :

৪) পদের নাম ও গ্রেড :

৫) বর্তমান ঠিকানা :

৬) স্থায়ী ঠিকানা :

৭) জমাকৃত ফি ব্যাংকের নাম ও তারিখ :

৮) শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | পরীক্ষার নাম | স্কুল/কলেজ | ফলাফল/পাশের শ্রেণি | পাশের সন |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

৯) অভিজ্ঞতা (যদি থাকে) :

১০) মোবাইল নম্বর (আবশ্যিক) :

১১) জাতীয় পরিচয় পত্র নম্বর (যদি থাকে) :

১২) ই-মেইল (যদি থাকে) :

১৩) জন্ম তারিখ :

১৪) জাতীয়তা :

১৫) ধর্ম :

স্বাক্ষর :

তারিখ :

০৬/১০/২১
Engr. S.M. Mohibur Rahman
Deputy General Manager
Planning Department

## ওয়েল্ডার / ফিটার টেষ্টের আবেদনের নিয়মাবলী :

১) আবেদন পত্রের সাথে ০৪ (চার) কপি (২কপি পাসপোর্ট এবং ২কপি ষ্ট্যাম্প সাইজ) ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব এবং কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হতে হবে। এম এস পাইপ লাইনের ফিটিং ফিটারের জন্য ও ওয়েল্ডারের জন্য ওয়েল্ডিং কাজ সম্পর্কে ধারনা থাকতে হবে। ০৩/০৬ মাস মেয়াদী কারিগরি/ ভোকেশনাল কোর্সধারী এবং অভিজ্ঞ প্রর্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২) আবেদনকারী কে নিম্নবর্ণিত ফি জম প্রদান করতে হবে ঃ
২.১) ফিটার তালিকাভূক্ত আবেদন ফি টাঃ ১০০০/-(এক হাজার টাকা ) মাত্র (অফেরৎযোগ্য)।
২.২) ওয়েল্ডার তালিকাভূক্ত আবেদন ফি টাঃ ১,৫০০/-( এক হাজার পাঁচ শত) মাত্র (অফেরৎযোগ্য)।

৩) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত ফি পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড- অনুকুলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিল ব্যাংক হতে পে-অর্ডার করতে হবে। টাকা জমা প্রদানের মূল রসিদ/ পে-অর্ডার এর মূল কপি আবেদনের সহিত জমা প্রদান করতে হবে। পিজিসিএল এর পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ ও পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd) হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে এবং প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।

৪) আবেদনপত্র যাচাই-বাছাই করার পর সঠিক পাওয়া গেলে জমা প্রদানকালেই ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রদান করা হবে , যাহাতে ওয়েল্ডার/ ফিটার টেষ্ট পরীক্ষা গ্রহনের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকবে। আলাদাভাবে ডাকযোগে কোন ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৫) উত্তীর্ণ ওয়েল্ডার ও ফিটারগণকে স্ব-উদ্যোগে ঠিকাদারী প্রতিষ্ঠানে নিয়ুক্তির ব্যপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর কর্তৃপক্ষ এর ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করবে না বা দায়বদ্ধ থাকবে না।

৬) ওয়েল্ডার / ফিটার পরীক্ষা সম্পাদনের ব্যাপারে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭) আবেদন পত্র দাখিলের শেষ তারিখ- ২৪.১০.২০২১ তারিখে ১৮ (আঠারো) বছর পূর্ণ হতে হবে।

উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পড়ে/বুঝে ও মানতে বাধ্য থেকে আমি নিম্নস্বাক্ষরকারী আবেদন করছি।

স্বাক্ষর :

তারিখ- :

০৬/১০/২০২১

Engr. S.M. Mohibur Rahman
Deputy General Manager
Planning Department
PGCL, Nalka, Sirajgonj.